

## গঙ্গাচড়ায় স্কুলঘর ভেঙে নিয়ে গেছেন সভাপতি!

**গঙ্গাচড়া (মুর্শিদাবাদ) প্রতিনিধি •**

রংপুরের গঙ্গাচড়ায় ডিয়ার চরায়ণে একটি স্কুলঘর ভেঙে নিয়ে গেছেন এই স্কুল পরিচালনা কমিটির সভাপতি। এ ঘটনায় ক্ষুব্ধ হয়ে শিক্ষক ও শিক্ষার্থীরা গত সোমবার বিহিংসামুখে উপজেলা নির্বাহী কর্মকর্তাকে স্মারকলিপি দেয়।

স্মারকলিপিতে জানা যায়, উপজেলার কোলাকান্দ ইউনিয়নের চিলাখালচর বেসরকারি প্রাথমিক বিদ্যালয়ে মনোনীত ব্যক্তিকে প্রধান শিক্ষকের পদে নিয়োগের পায়তারা করছিলেন বিদ্যালয়ের সভাপতি জয়নাল আবেদীন। এ ব্যাপারে রেজুলেশনে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের স্বাক্ষর নিতে না শরায় ক্ষুব্ধ হয়ে সোমবার সকালে তিনি স্কুলঘরটি (টিনশেড) ভেঙে নৌকায়যোগে নিয়ে যান।

ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক আবু বক্কর সিদ্দিকের অভিযোগ, টাকার বিনিময়ে সভাপতি মনোনীত ব্যক্তিকে প্রধান শিক্ষক পদে নিয়োগ নিতে চেয়েছিলেন। এ নিয়ে তাঁর সঙ্গে ঝগড়া চলছিল। বর্তমানে শিক্ষার্থীদের প্লাস করানোর কোনো ব্যবস্থা নেই। তাঁর মনোনীত জায়গায় স্কুল হলে ১৯০ জন শিক্ষার্থীকে দুই কিলোমিটার দূরে নদী পার হয়ে যেতে হবে। এ ব্যাপারে তিনি ব্যক্তি হয়ে মঙ্গলবার গঙ্গাচড়া থানায় একটি মামলা করেছেন।

স্কুলের সভাপতি জয়নাল আবেদীন স্কুলঘর ভেঙে নিয়ে যাওয়ার কথা স্বীকার করে বলেন, 'দোষ শুধু আমার একার নয়, তাঁদেরও আছে।'

স্মারকলিপি পাওয়ার বিষয়টি নিশ্চিত করে উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মাহবুবুল হক বলেন, বিষয়টি অমানবিক। তা ছাড়া নিজ স্বার্থের জন্য আইনশৃঙ্খলার অবনতি ঘটানো হয়েছে। এ ব্যাপারে ব্যবস্থা নিতে তিনি গঙ্গাচড়া থানাকে নির্দেশ দেওয়া হয়েছে বলে জানান।